সংবাদ

তারিখ 17 MAR 2017
পৃষ্ঠা ৪ কলাম ১-৬

# এমপিওভুক্তির দাবিতে কর্মবিরতির হুমকি

নিজস্ব বার্তা পরিবেশক

২৬ এপ্রিলের মধ্যে এমপিওভুক্তির দাবি না মানলে ৭ মে থেকে নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী কর্মবিরতি শুরু করবেন। গতকাল ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে 'নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী পরিষদের নেতারা এ কর্মসূচি ঘোষণা করেন। এর মধ্যে রয়েছে প্রতিদিন এক ঘণ্টা কর্মবিরতি, সকল জেলায় মানববন্ধন ও জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন পালন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ মিলন কুমার ঘোষ ও সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন। এতে প্রধান অতিথি ছিলেন স্বাধীনতা শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজু। শিক্ষক নেতারা দেশের একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত পাঁচ হাজার ২৪২টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির দাবি জানিয়ে বলেন, 'লাখ লাখ শিক্ষক বেতন না পেয়ে শিক্ষকতা করছেন। তারা মানবেতর জীবন যাপন করছেন। বুক ভরা আশা নিয়ে নন-এমপিও শিক্ষকরা তাকিয়ে রয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিকে। আমাদের একটাই দাবি নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত করা।